৫০১১৯

**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**
www.bb.org.bd

**এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট**

এসএমইএসপিডি সার্কুলার নং-০২

তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০২৬
২২ মাঘ ১৪৩২

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

**কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (CMSME) ক্লাস্টার অর্থায়নের বিপরীতে "ক্লাস্টার অর্থায়ন স্কিম (Cluster Financing Scheme)" নামক একটি পুনঃ অর্থায়ন তহবিল প্রবর্তন প্রসঙ্গে।**

দেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (CMSME) খাতের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশে ক্লাস্টার অর্থায়নের গুরুত্ব অপরিসীম। ক্লাস্টারভুক্ত প্রতিষ্ঠানসমূহ উৎপাদনমুখী হওয়ায় দেশীয় পণ্যের বিকাশের পাশাপাশি আমদানি বিকল্প পণ্য উৎপাদনের মাধ্যমে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে ব্যাপক ভূমিকা পালন করছে। ক্লাস্টারভুক্ত প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে বিভিন্ন দেশের চাহিদা মোতাবেক মানসম্মত পণ্য রপ্তানির সুযোগকে কাজে লাগিয়ে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা আয় করা সম্ভব। তদুপরি, ক্লাস্টারভুক্ত প্রতিষ্ঠানসমূহের অধিকাংশই উৎপাদনের সাথে জড়িত এবং এখাতে বিপুল পরিমাণ কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা রয়েছে।

০২। দেশীয় পণ্যের বিকাশ, মূল্যসংযোজন ও দেশের অভ্যন্তরে অধিকতর কর্মসংস্থান সৃষ্টিকে প্রাধান্য দিতে ক্লাস্টারের গুরুত্ব বিবেচনায় নিয়ে এ খাতে অর্থায়ন প্রবাহ বৃদ্ধিকে অগ্রাধিকার প্রদান করে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়ে থাকে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৭ মার্চ ২০২৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২৫ এর অনুচ্ছেদ নং ৩.১ এর নির্দেশনা মোতাবেক ক্লাস্টার অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে CMSME মোট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১০%। এ লক্ষ্যমাত্রা অর্জন এবং দেশীয় ক্লাস্টারের বিকাশ নিশ্চিত করার জন্য CMSME ক্লাস্টারসমূহের উদ্যোক্তাদের স্বল্প সুদ/মুনাফায় অর্থায়ন নিশ্চিতের লক্ষ্যে একটি বিশেষ পুনঃ অর্থায়ন তহবিল গঠন করা হলো। উক্ত তহবিলটি পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

২.১। নামকরণ: তহবিলটি "ক্লাস্টার অর্থায়ন স্কিম (Cluster Financing Scheme)" নামে অভিহিত হবে।

২.২। তহবিলের উৎস: বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল।

২.৩। তহবিলের পরিমাণ ও মেয়াদ: ৩,০০০ (তিন হাজার) কোটি টাকা, যা আবর্তনশীল তহবিল হিসেবে পরিচালিত হবে।

২.৪। পুনঃ অর্থায়নের আওতা: বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৭ মার্চ ২০২৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২৫ এর অনুচ্ছেদ নং ১.১১ এর মাধ্যমে সংজ্ঞায়িত যেকোনো ক্লাস্টার উদ্যোগ এ তহবিল হতে ঋণ/বিনিয়োগ

পাওয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হবে; এক্ষেত্রে, সংশ্লিষ্ট উদ্যোগটি উক্ত সার্কুলারের সংযোজনী-৩ এ উল্লেখিত কোনো ক্লাস্টার অথবা বাংলাদেশ ব্যাংক কর্তৃক ভবিষ্যতে অনুমোদিত কোনো ক্লাস্টারভুক্ত উদ্যোগ হতে হবে।

২.৫। পুনঃ অর্থায়নের ক্ষেত্রে সুদ/মুনাফার হার: এ স্কিমের আওতায় ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক গ্রাহক পর্যায়ে বার্ষিক সর্বোচ্চ ৭% (সাত শতাংশ) এবং অর্থায়নকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের উপর বার্ষিক ১% (এক শতাংশ) হারে সুদ/মুনাফা আরোপিত হবে। গ্রাহকের ঋণ/বিনিয়োগের ক্রমহ্রাসমান স্থিতির উপর সুদ/মুনাফা আরোপ করতে হবে।

২.৬। আলোচ্য স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণে আগ্রহী তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে পরিচালক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে।

২.৭। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৭ মার্চ ২০২৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২৫ এ উল্লিখিত নির্দেশনা অনুযায়ী এ স্কিমের আওতায় পুনঃ অর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে যোগ্যতা (অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হবার শর্তাবলী), আবেদনপ্রক্রিয়া, ঋণসীমা, ঋণের মেয়াদ, গ্রেস পিরিয়ড, বিতরণকৃত ঋণের পরিশোধসূচী, ঋণের অর্থ অগ্রিম সমন্বয়, শিডিউল অব চার্জেস, পরিদর্শন ইত্যাদি কার্যক্রম নির্ধারিত হবে।

০৩। এ স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ বিতরণের সকল ক্ষেত্রে এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ: ১৭ মার্চ ২০২৫ এ বর্ণিত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ভবিষ্যতে জারিকৃত যেকোনো নির্দেশনাও এ স্কিমের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(নওশাদ মোস্তাফা)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোনঃ ৯৫৩০৫০২
nawshad.mustafa@bb.org.bd